

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ/০৫ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৯৯-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার রোহিঙ্গা শরণার্থীদের দুরবস্থা নিরসন ও মানবিক সহায়তায় বাংলাদেশ সরকারের সম্মতিক্রমে বিশ্বের যে কোন দেশ ও আন্তর্জাতিক সংস্থা হইতে প্রদত্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রীর উপর উক্ত Ordinance এর Section 53 এর অধীন আরোপযোগ্য উৎসে আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

শর্ত:

- উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বাংলাদেশে সাম্প্রতিক আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে মানবিক সহায়তা হিসাবে বিনা মূল্যে বিতরণ করা হইবে;
- উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী কোনভাবেই বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয় বা হস্তান্তর বা স্থানান্তর করা যাইবে না;
- উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের প্রমাণপত্র থাকিতে হইবে; এবং
- উক্ত খাদ্য ও জরুরি ত্রাণসামগ্রী বিতরণ সম্পর্কিত প্রতিবেদন জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৫৫১)

মূল্য : টাকা ৪.০০